# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

**জনসংযোগ ও প্রকাশনা দপ্তর**

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১


তারিখ: ৩০.১১.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## পাবিপ্রবিতে সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ রোববার (৩০ নভেম্বর, ২০২৫) বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন গণতন্ত্রের আপসহীন নেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি এবং দ্রুত সুস্থতা কামনায় পাবিপ্রবির কেন্দ্রীয় মসজিদে বাদ যোহর এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল এবং উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম।

এ ছড়াও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর, ছাত্র উপদেষ্টা, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনা করে বলেন, 'বাংলাদেশের গণতান্ত্রিক আন্দোলনের ইতিহাসে বেগম খালেদা জিয়ার অবদান অনস্বীকার্য। তিনি এদেশের সকল মানুষের অভিভাবক এবং দলমত নির্বিশেষে তিনি সবার শ্রদ্ধার মানুষ। ভবিষ্যতেও দেশের কল্যাণে তিনি অগ্রণী ভূমিকা পালন করবেন বলে উপাচার্য আশাবাদ ব্যক্ত করেন এবং তাঁর সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করেন।'

৩০.১১.২০২৫
(মো. বাবুল হোসেন)
উপপরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।